**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর: ৪৬.০৪২.০০০০.০০০.১১.০০৭.১৫.৬১

তারিখ: ০৪ মাঘ ১৪৩২
১৮ জানুয়ারি ২০২৬

**বিষয়: কুড়িগ্রাম জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগ/পদোন্নতি প্রদানের ছাড়পত্র প্রদান।**

**সূত্র:** ১. স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০১.১১.০০১.২৩.৯০৯, তারিখ: ১৮/১২/২০২৫ খ্রি. এবং
২. স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০১.১১.০০১.২৩.৮৯৯, তারিখ: ০৪/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে কুড়িগ্রাম জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত প্রধান সহকারী শূন্য পদে পদোন্নতি প্রদানের বিষয়ে প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ২নং স্মারকের পরিপ্রেক্ষিতে কুড়িগ্রাম জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত ০৩টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ছাড়পত্রের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| ক্রম | পদের নাম | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | বার্তাবাহক | ১(এক)টি |
| ২. | অফিস সহায়ক | ১(এক)টি |
| ৩. | পরিচ্ছন্নতাকর্মী | ১(এক)টি |
| | মোট= | ৩(তিন)টি |

**শর্তাবলী:**

১. পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

৪. পদ পূরণের ক্ষেত্রে **ছাড়পত্রের বৈধতার মেয়াদ ৩১ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।** উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ/পদোন্নতি প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

৫. নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;

৭. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৪৬.০৪২.০০০০.০০০.১১.০০৭.১৫.৬১/১(৫)

তারিখ: ০৪ মাঘ ১৪৩২
১৮ জানুয়ারি ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব